

**নেভাল স্টোরস ডিপো চট্টগ্রাম, নিউমুরিং, চট্টগ্রাম**  
**সরবরাহকারী তালিকাভুক্তির বিজ্ঞপ্তি**

১। নেভাল স্টোরস ডিপো চট্টগ্রামে সরবরাহকারী হিসাবে তালিকাভুক্তির জন্য (প্রতি বছর নবায়নযোগ্য) সাধারণ /বিবিধ আইটেম, মেশিনারিজ, খুচরা যন্ত্রাংশ ইত্যাদি সরবরাহ করতে আগ্রহী সরবরাহকারীগণের নিকট হতে (তালিকাভুক্ত সরবরাহকারী ব্যতীত) দরখাস্ত আহবান করা যাচ্ছে। উল্লেখ্য, প্রতি ০৩ মাস পর পর সরবরাহকারী তালিকাভুক্তির প্রক্রিয়া সম্পন্ন করা হয়।

২। আগ্রহী প্রতিষ্ঠানসমূহকে আবেদন পত্রের সাথে প্রতিষ্ঠানের মালিকের নিম্নলিখিত কাগজপত্রাদি দাখিল করার জন্য অনুরোধ করা হলোঃ

- ক। তালিকাভুক্তির জন্য বায়োডাটা ফরম (নেভাল স্টোরস ডিপো, চট্টগ্রাম এর কাস্টমার কেয়ার সেন্টার হতে সংগ্রহ করতে হবে)।
- খ। প্রতিষ্ঠানের মালিকের পাসপোর্ট সাইজের সদ্য তোলা ০৫ (পাঁচ) কপি সত্যায়িত রঙিন ছবি।
- গ। প্রতিষ্ঠানের মালিকের জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন এর সত্যায়িত -০৩ (তিন) কপি।
- ঘ। প্রতিষ্ঠানের মালিকের প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার/চেয়ারম্যান/মেয়র/কাউন্সিলর কর্তৃক চারিত্রিক সনদপত্রের সত্যায়িত কপি- ০৩ (তিন) কপি।
- ঙ। প্রতিষ্ঠানের ট্রেড লাইসেন্সের সত্যায়িত সনদপত্র- ০৩ (তিন) কপি।
- চ। প্রতিষ্ঠানের TIN/ETN সার্টিফিকেট - ০৩ (তিন) কপি।
- ছ। প্রতিষ্ঠান এবং প্রতিষ্ঠানের মালিকের সর্বশেষ আয়কর দাখিলের সত্যায়িত সনদপত্র- ০৩ (তিন) কপি।
- জ। প্রতিষ্ঠান যৌথ মালিকানা হলে প্রত্যেকের ০৩ কপি ছবি, ০৩ কপি এনআইডি এবং ০৩ কপি আয়কর সনদের সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।
- ঝ। প্রতিষ্ঠানের ব্যাংক Solvency সনদপত্র।
- ঝ। প্রতিষ্ঠানের ভ্যাট সার্টিফিকেটের সত্যায়িত ফটোকপি ০৩ কপি।
- ঞ। প্রতিষ্ঠানের বিগত ০৬ (ছয়) মাসের ব্যাংক স্টেটমেন্ট (নতুন ব্যাংক হিসাবধারীর জন্য প্রয়োজ্য নহে)।
- ট। প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেট/নোটারি পাবলিক কর্তৃক ৩০০/০০ টাকা মূল্যমানের নন-জুডিশিয়াল স্ট্যাম্প হলফনামা।
- ঠ। প্রতিষ্ঠানের মালিকের শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত প্রতিটি সনদপত্রের সত্যায়িত ০৩ ( তিন) কপি।
- ড। সামরিক বাহিনীর অবসরপ্রাপ্ত সদস্য হলে আইডি কার্ডের সত্যায়িত ফটোকপি-০৩ (তিন) কপি।

৩। তালিকাভুক্তি আবেদনপত্র (এনলিস্টমেন্ট ফরম) টাকা ২০০/০০ (টাকা দুইশত মাত্র) মূল্যে (অফেরতযোগ্য) নেভাল স্টোরস ডিপো চট্টগ্রাম, নিউমুরিং, চট্টগ্রাম এর কাস্টমার কেয়ার সেন্টার হতে সংগ্রহ করতে হবে। আবেদনকারী প্রতিষ্ঠানসমূহের মধ্যে হতে কেবলমাত্র নিরাপত্তা ছাড়পত্র প্রাপ্ত এবং নৌ সদর দপ্তর কর্তৃক অনুমোদিত প্রতিষ্ঠানসমূহকে অত্র দপ্তর হতে চিঠি প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে অধিনায়ক, নেভাল স্টোরস ডিপো চট্টগ্রাম, নিউমুরিং, চট্টগ্রাম এর অনুকূলে জামানত বাবদ টাকা ১,০০,০০০/০০ (টাকা এক লক্ষ মাত্র) (ফেরত যোগ্য) পে অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে জমা দিতে হবে। যথাসময়ে জামানত বাবদ উল্লেখিত অর্থ প্রদানে ব্যর্থ হলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের তালিকাভুক্তি স্থগিত বলে গণ্য হবে।

৪। নিম্নলিখিত কারণে সরবরাহকারীগণ তালিকাভুক্তির জন্য আবেদন করতে পারবে নাঃ

- ক। যে সমস্ত প্রতিষ্ঠান অত্র ডিপোর বা অন্য যে কোন সরকারী সংস্থা হতে সরবরাহকারী প্রতিষ্ঠান অথবা ব্যক্তি হিসেবে ইতোমধ্যে বহিষ্কৃত অথবা যাদের আবেদনপত্র ইতিপূর্বে প্রত্যাখ্যাত হয়েছে।
- খ। নেভাল স্টোরস ডিপো চট্টগ্রামে, সরবরাহকারী প্রতিষ্ঠান অথবা ব্যক্তি হিসেবে ইতোমধ্যে কালো তালিকাভুক্ত।
- গ। অন্য প্রতিষ্ঠানের প্রতিনিধি হিসেবে বা আত্মীয়-স্বজনের নামে আবেদন বা ব্যবসা পরিচালনা করতে আগ্রহী প্রতিষ্ঠানসমূহ।
- ঘ। যাদের কোন নির্দিষ্ট প্রতিষ্ঠান/দোকান/অফিস/ওয়ার্কশপ নাই।

৫। অত্র বিজ্ঞপ্তি প্রকাশিত হওয়ার পর নেভাল স্টোরস ডিপো চট্টগ্রাম এর কাস্টমার কেয়ার হতে সরবরাহকারী তালিকাভুক্তির আবেদন পত্র ক্রয় করতে হবে এবং প্রতিষ্ঠানের প্যাডে অধিনায়ক, নেভাল স্টোরস ডিপো, চট্টগ্রাম, নিউমুরিং, চট্টগ্রাম বরাবর দাখিল করতে হবে।

৬। মনোনীত প্রতিষ্ঠানসমূহকে আবেদনপত্রের সাথে সংযুক্ত স্থানীয় সরবরাহকারী হিসেবে নিযুক্তির শর্তাবলী নিঃশর্তে পালন করতে হবে।

৭। কোন কারণ দর্শানো ব্যতিরেকে অধিনায়ক, নেভাল স্টোরস ডিপো চট্টগ্রাম কর্তৃপক্ষ যে কোন বা সকল আবেদনপত্র গ্রহণ বা প্রত্যাখানের অধিকার সংরক্ষণ করেন।